

এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ফিন্যান্স ও ব্যাংকিং

সৃজনশীল প্রশ্ন বিষয় কোড:

১	৫	২
---	---	---

পূর্ণমান— ৭০

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট

[দ্রষ্টব্য : ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম ৩টি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম ৩টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

ক বিভাগ: ফিন্যান্স

১.► মাহিন একজন মুদি দোকানদার। পাঁচ বছর পূর্বে নিজস্ব তহবিল বিনিয়োগ করে দোকান ভাড়া নিয়ে তিনি ব্যবসায় শুরু করেছিলেন। তার সততা ও দক্ষতার কারণে ব্যবসায় পূর্বের তুলনায় এখন বেশ সম্প্রসারিত হয়েছে। সম্প্রতি দোকানের মালিক দোকানটি বিক্রি করতে চাওয়ায় মাহিন দোকানটি কেনার সিদ্ধান্ত নিয়েছিলেন। কিন্তু ব্যাংক ঋণ না পাওয়ায় তিনি দোকান কেনার সিদ্ধান্ত পরিবর্তন করলেন।

- ক. বাণিজ্যিকপত্র কোন ধরনের উৎস? ১
- খ. প্রাপ্য বিল বাটাকরণ বলতে কী বোঝায়? ২
- গ. মাহিন দোকান ভাড়ার ক্ষেত্রে কোন ধরনের অর্থায়ন করেছেন? ব্যাখ্যা করো। ৩
- ঘ. মাহিনের দোকান না কেনার সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

২.► বিশিষ্ট ব্যবসায়ী রবিন সাহেবের কারখানায় একটি মেশিন লাগাবে। মেশিনটির দাম প্রায় ১৫ লক্ষ টাকা। এর আয়ুষ্কাল দশ বছর। তিনি জনতা ব্যাংক থেকে প্রস্তাব পান যে, ব্যাংকের টাকা একটি নির্দিষ্ট সুদে ১২৫ কিস্তিতে পরিশোধ করতে হবে। অন্যদিকে একটি লিজিং কোম্পানি মেশিনটি মেরামত ও রক্ষণাবেক্ষণ করার পাশাপাশি সেই একই পরিমাণ কিস্তিতে এবং সমান টাকায় তাকে মেশিনটি ভাড়া দেওয়ার প্রস্তাব করে।

- ক. পাবলিক লিমিটেড কোম্পানির উদ্যোক্তার সর্বনিম্ন সদস্য সংখ্যা কত? ১
- খ. 'স্বল্পমেয়াদি অর্থ আদান প্রদানের প্রক্রিয়াটি সবচেয়ে দ্রুততম ও সরল প্রক্রিয়া' — ব্যাখ্যা করো। ২
- গ. উদ্দীপকে রবিন সাহেবের জন্য কোন প্রস্তাবটি লাভজনক হবে— ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত দুটি উৎসই দীর্ঘমেয়াদি অর্থায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে— বিশ্লেষণ করো। ৪

৩.► জনাব মুশফিক ৮ বছর পর ৫ লক্ষ টাকা পাওয়ার আশায় কিছু টাকা বাংলা ব্যাংকে ১১% সুদে রাখার চিন্তা করলেন। কিন্তু ইংরেজি ব্যাংক ৮.৫০% মাসিক চক্রবৃদ্ধি সুদে উক্ত টাকা তার কাছে রাখার প্রস্তাব দেয়।

ক. চক্রবৃদ্ধিকরণ কী? ১

খ. অর্থের সময়মূল্য অনুসারে ঋণ গ্রহণের সিদ্ধান্ত ব্যাখ্যা করো। ২

গ. বাংলা ব্যাংকে কত টাকা রাখলে জনাব মুশফিক ৫ লক্ষ টাকা পাবেন? ৩

ঘ. জনাব মুশফিকের জন্য কোনটি গ্রহণযোগ্য হবে তোমার যুক্তিতে উপস্থাপন করো। ৪

৪.► জনাব রাব্বানি চলমান দুটি প্রতিষ্ঠানের মধ্যে একটিতে বিনিয়োগের চিন্তা করছেন। প্রতিষ্ঠান 'গ্রহ'-এর আয়ের হার গত ৩ বছরে যথাক্রমে ১৪%, ৮% এবং ৪৪%। অন্যদিকে, প্রতিষ্ঠান 'নক্ষত্র'-এর আয়ের হার যথাক্রমে ১৮%, ৮% এবং ৪০%।

ক. ঝুঁকি কী? ১

খ. একমালিকানা ব্যবসায়ে তারল্য ঝুঁকি বেশি হয় কেন? ২

গ. 'গ্রহ' প্রতিষ্ঠানের আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩

ঘ. জনাব রাব্বানির কোন প্রতিষ্ঠানটি নির্বাচন করা উচিত বলে তুমি মনে করো? যুক্তি দেখাও। ৪

৫.► অনন্যা লি.-এর পরিশোধিত মূলধন ৫ কোটি টাকা। এর মধ্যে সাধারণ শেয়ার মূলধন ২ কোটি, ৮% অগ্রাধিকার শেয়ার মূলধন ২ কোটি এবং ৬% ঋণ মূলধন ১ কোটি টাকা। ২০১৬ সালে কোম্পানি বছরে শেয়ারপ্রতি ১৫ টাকা হারে লভ্যাংশ প্রদান করে এবং দেখা যায় যে, কোম্পানির লভ্যাংশ গড়ে ৫% হারে বৃদ্ধি পায়। উল্লেখ্য, সাধারণ শেয়ারের বাজার মূল্য ১১০ টাকা।

ক. ঋণ মূলধন ব্যয় কী? ১

খ. মূলধন ব্যয় নির্ণয়ের তাৎপর্য ব্যাখ্যা করো। ২

গ. অনন্যা লি.-এর গড় মূলধন ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. অনন্যা লি.-এর গড় মূলধন ব্যয় নির্ণয় গুরুত্বপূর্ণ কেন? বিশ্লেষণ করো। ৪

৬.► আলাল ও দুলাল শেয়ার ব্যবসায়ী। তারা দুই ধরনের শেয়ার হোল্ডার। আলাল কোম্পানির পরিচালনায় অংশ নিতে পারে এবং ভোটাধিকার আছে। অপরদিকে দুলাল ঐ কোম্পানিতে লভ্যাংশ প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পায়।

- ক. বাংলাদেশে স্টক এক্সচেঞ্জ কয়টি? ১
খ. বোনাস শেয়ার কী? বর্ণনা করো। ২
গ. দুলাল কোন ধরনের শেয়ারের মালিক? বর্ণনা করো। ৩
ঘ. আলাল ও দুলালের বিনিয়োগের মধ্যে কোন শেয়ারের বিনিয়োগটি উত্তম? তার তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

খ বিভাগ: ব্যাংকিং

৭.► বৈদেশিক বাণিজ্য শাখায় কর্মরত ব্যাংকার মি. মামুন লক্ষ্য করলেন তার ব্যাংক প্রতিটি কাজের জন্য আলাদা আলাদা বিভাগ খুলে গ্রাহকদের স্বল্প সময়ে মানসম্মত সেবা প্রদান করে আসছে। তাছাড়া গ্রাহক যাতে চাহিদামত অর্থ পায় আবার ব্যাংকের মূলধন ব্যয়ও হ্রাস পায় সে ব্যাপারে খুবই সতর্ক থাকার ফলে অতিরিক্ত টাকা ব্যাংক তহবিলে জমাও থাকে না। আবার বেশি ঋণ প্রদানের জন্য ব্যাংক তহবিল খালিও থাকে না।

- ক. মিশ্র ব্যাংকিং কি? ১
খ. গ্রুপ ব্যাংকিং বিষয়টি ব্যাখ্যা করো। ২
গ. মি মামুনের বৈদেশিক বাণিজ্য শাখায় নিয়োজিত থাকার মাধ্যমে ব্যাংকিং এর যে নীতি প্রকাশ পেয়েছে তা বর্ণনা করো। ৩
ঘ. উক্ত নীতি ছাড়া উদ্দীপকে অন্য যে নীতির বর্ণনা আছে, সেটি অনুসরণকে তুমি কতটা যৌক্তিক মনে করো? যুক্তি দাও। ৪

৮.► মি. কার্তিক আমদানি-রপ্তানি ব্যবসায়ের সাথে জড়িত। TR নামক আমদানিকারক প্রতিষ্ঠান তার কাছে থেকে পণ্য ক্রয়ে আগ্রহী। কিন্তু এ বিষয়ে তিনি সিদ্ধান্ত নিতে পারছেন না। পরবর্তীতে একটি বাণিজ্যিক ব্যাংকের নিশ্চয়তা পেয়ে রপ্তানি করতে সম্মত হলেন।

- ক. প্রত্যয়পত্র কী? ১
খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে ঋণ আমানত সৃষ্টি করে? ২
গ. মি. কার্তিক ব্যাংকের কোন ধরনের নিশ্চয়তা পেয়ে রপ্তানি করার সিদ্ধান্ত নিলেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. মি. কার্তিকের সিদ্ধান্তহীনতায় ভোগার কারণ মূল্যায়ন করো। ৪

৯.► এক কাজে বাইরে গিয়ে তাৎক্ষণিক টাকার প্রয়োজন হওয়ায় সালমা বেগম তার বড় ভাইয়ের কাছে টেলিফোন করে জানতে পারলেন যে, ডেবিট কার্ড সাথে না থাকলেও তাৎক্ষণিকভাবে এটিএম বুথ থেকে টাকা উত্তোলন করা সম্ভব।

- ক. অনলাইন ব্যাংকিং কী? ১
খ. গ্রাহকের ক্ষেত্রে ব্যাংক আমানতের গুরুত্ব কতটুকু? ব্যাখ্যা করো। ২
গ. সালমা বেগম এটিএম বুথ থেকে উক্ত পরিস্থিতিতে কীভাবে টাকা উত্তোলন করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. সালমা বেগমের টাকা উত্তোলনের পদ্ধতিটিতে গ্রাহকের পাশাপাশি ব্যাংক মালিকদের কি কোনো সুবিধা রয়েছে? উত্তরের সপক্ষে মতামত দাও। ৪

১০.► মি. আসিফ একজন ব্যাংকার। তিনি বিভিন্ন গ্রাহকের হয়ে গ্যাস, বিদ্যুৎ ও পানির বিল পরিশোধ করেন। আবার গ্রাহকের হিসাবের তথ্যের গোপনীয়তা রক্ষা করেন।

- ক. চেক সাধারণত কয় প্রকার? ১
খ. 'ব্যাংক ও গ্রাহক একে অন্যের ওপর নির্ভরশীল'— ব্যাখ্যা করো। ২
গ. গ্রাহকের হয়ে মি. আসিফ সম্পাদিত কাজে ব্যাংক ও গ্রাহকের কীরূপ সুবিধা হবে? বর্ণনা করো। ৩
ঘ. 'গোপনীয়তা রক্ষা' ব্যাংকের কোন ধরনের দায়িত্ব? বিশ্লেষণ করো। ৪

১১.► মিস সুমাইয়া একজন চাকরিজীবী। তিনি দৈনন্দিন লেনদেনের জন্য সিটি ব্যাংকে একটি হিসাব খোলন। সিটি ব্যাংকে হিসাব খোলার মধ্য দিয়ে তার সাথে সিটি ব্যাংকের এক ধরনের সম্পর্কের সৃষ্টি হলো। তিনি ঈদের আগে উক্ত ব্যাংক থেকে ৫০০ টাকার ২০টি নোট উত্তোলন করেন। কিন্তু নোটগুলো সিটি ব্যাংক কর্তৃক ছাপানো হয়নি। নোটগুলোর গায়ে 'গ' ব্যাংকের লোগো রয়েছে এবং 'গ' ব্যাংকেরই এরূপ নোট ছাপানোর একক অধিকার রয়েছে।

- ক. বাংলাদেশে ব্যাংকের প্রধান কে? ১
খ. ব্যাংক কীভাবে বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২
গ. ব্যাংক হিসাব খোলার মধ্য দিয়ে মিস সুমাইয়ার সাথে সিটি ব্যাংকের কোন ধরনের সম্পর্কের সৃষ্টি হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. নোট ছাপানোর একক অধিকার 'গ' ব্যাংকের ওপর ন্যাস্ত থাকার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্মিলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. কোন ধরনের অর্থায়নে আয় অপেক্ষা ব্যয় বেশি?

- ক) ব্যবসায় অর্থায়ন
- খ) সরকারি অর্থায়ন
- গ) পারিবারিক অর্থায়ন
- ঘ) আন্তর্জাতিক অর্থায়ন

২. অর্থায়ন কী?

- ক) তহবিল সংগ্রহে নিরাপত্তা প্রদান
- খ) আর্থিক ব্যবস্থাপকের সব কাজ
- গ) তহবিল সংগ্রহ ও ব্যবহার সংক্রান্ত প্রক্রিয়া
- ঘ) ব্যবসায়ের জন্য অধিক মুনাফা অর্জন

৩. আন্তর্জাতিক অর্থায়নের জন্য বিচার বিশ্লেষণ করা হয়—

- i. রপ্তানি খাত ii. আমদানি খাত
- iii. প্রাকৃতিক সম্পদ

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii
- খ) i ও iii
- গ) ii ও iii
- ঘ) i, ii ও iii

৪. যে বছর কোম্পানির মুনাফা অপ্রতুল হয় সে বছর কোম্পানি ব্যবহার করতে পারে কোনটি?

- ক) অবন্টিত মুনাফা
- খ) ঋণপত্র
- গ) লভ্যাংশ সমতাকরণ তহবিল
- ঘ) সঞ্চিত তহবিল

৫. কোন পক্ষের প্রদত্ত তহবিলকে বহিস্থ তহবিলের উৎস বলা হয়?

- ক) মালিক পক্ষ
- খ) শেয়ারহোল্ডারগণ
- গ) ঋণদাতা
- ঘ) শ্রমিকপক্ষ

৬. ইশরাত ৬ বছর পর ব্যাংক থেকে ৭০,০০০ টাকা পাবে। বাটার হার ১২% হলে সে কত টাকা জমা রেখেছে?

- ক) ৩৬,২৯২ টাকা
- খ) ৩৫,৪৬৪ টাকা
- গ) ৩৩,৫৭৭ টাকা
- ঘ) ৩২,৪৬৪ টাকা

৭. অর্থের সময়মূল্যের ধারণাটি কোন ক্ষেত্রে ব্যবহৃত হয়?

- ক) পরিচালন সিদ্ধান্ত
- খ) বিনিয়োগ সিদ্ধান্ত
- গ) লভ্যাংশ সিদ্ধান্ত
- ঘ) আর্থিক সিদ্ধান্ত

৮. ঋণ পরিশোধের অক্ষমতা থেকে কোনটির

সৃষ্টি হয়?

- ক) তারল্য ঝুঁকি
- খ) ব্যবসায়িক ঝুঁকি
- গ) সুদের হার ঝুঁকি
- ঘ) আর্থিক ঝুঁকি

উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও।
আলিফের ব্যবসায়ের আগামী ৩ বছরের আয়ের হার যথাক্রমে ২০%, -৫% ও ১৫%।

৯. আলিফের ব্যবসায়ের গড় আয়ের হার কত?

- ক) ১০%
- খ) ১৫%
- গ) ২০%
- ঘ) ২৫%

১০. আলিফের ব্যবসায়ের আদর্শ বিচ্যুতি নির্ণয় করো।

- ক) ১১.২৩%
- খ) ১২.২৩%
- গ) ১৩.২৩%
- ঘ) ১০.৮০%

১১. নগদ প্রবাহ প্রাক্কলন পদ্ধতিতে যেসব বিষয় সতর্কতার সাথে নির্ধারণ করতে হয়—

- i. বিক্রয় অনুমান
- ii. চলতি খরচ
- iii. স্থায়ী খরচ

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii
- খ) i ও iii
- গ) ii ও iii
- ঘ) i, ii ও iii

১২. সূর্য প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ১০০ লক্ষ টাকা। যার নিট মুনাফা যথাক্রমে ৩৬.৭০ লক্ষ, ১৬.৬০ লক্ষ এবং ১৯ লক্ষ হলে গড় মুনাফার হার কত?

- ক) ১৬%
- খ) ২০%
- গ) ২৬%
- ঘ) ৩৬%

১৩. কখন বাটার হার নির্ধারণ করতে হয়?

- ক) আয় প্রাক্কলনের পূর্বে
- খ) ব্যয় প্রাক্কলনের পূর্বে
- গ) আয় প্রাক্কলনের পরে
- ঘ) আয়-ব্যয় প্রাক্কলনের পূর্বে

১৪. কাশেম ড্রাইসেলস্ লি.-এর শেয়ার মূলধন ১০ লাখ টাকা এবং শেয়ার মালিকরা তাদের বিনিয়োগ থেকে ২০% আয় প্রত্যাশা করে। কোম্পানিটির মূলধন ব্যয় কত?

- ক) ১০%
- খ) ২০%
- গ) ১৮.৫৬%
- ঘ) ১৫.৫০%

১৫. কর হ্রাস ঋণ মূলধন ব্যয়ের কী ধরনের সুবিধা?

- ক) সর্বোচ্চ সুবিধা
- খ) সাধারণ সুবিধা
- গ) প্রত্যক্ষ সুবিধা
- ঘ) পরোক্ষ সুবিধা

১৬. ঝুঁকিপূর্ণ তথাপি আয় সম্ভাব্যতা অধিক কোন বিনিয়োগের?

- ক) বন্ডের ক্ষেত্রে
খ) সাধারণ শেয়ার
গ) ডিবেঞ্চারের ক্ষেত্রে
ঘ) অগ্রাধিকার শেয়ারে

১৭. ডিবেঞ্চার ও বন্ড এর মধ্যের পার্থক্যের কারণ কী?

- ক) সুদের হার খ) জামানত
গ) সময় ঘ) নিয়ন্ত্রণ

১৮. কোনটি ছাড়া মুদ্রার ব্যবহার সীমিত?

- ক) শেয়ার বাজার খ) ব্যাংক
গ) লেনদেন ঘ) বিমা কোম্পানি

১৯. কাগজি মুদ্রা প্রচলনের কারণ—

- i. ধাতুর বিকল্প ব্যবহার
ii. ধাতব মুদ্রার দীর্ঘস্থায়িত্ব
iii. ধাতব পদার্থের দুষ্প্রাপ্যতা

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব আবিদ একটি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক। ব্যাংকটি সম্প্রতি অনলাইন ব্যাংকিং সেবা চালু করেছে। কিন্তু অর্থনৈতিক কারণে ব্যাংকটিতে তারল্য সংকট দেখা দিয়েছে।

২০. উদ্দীপকে জনাব আবিদের ব্যাংকটি কোন ধরনের ব্যাংক?

- ক) একক ব্যাংক খ) চেইন ব্যাংক
গ) শাখা ব্যাংক ঘ) গ্রুপ ব্যাংক

২১. উপরিউক্ত ব্যাংকটিতে তারল্য সংকট দেখা দেয়ার কারণ—

- i. নতুন আমানতের অভাব
ii. মিতব্যয়িতার নীতি অনুসরণ না করা
iii. প্রদত্ত ঋণ আদায় না হওয়া

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২. বাণিজ্যিক ব্যাংকের মৌলিক উদ্দেশ্য কী?

- ক) মূলধন গঠন খ) নিরাপত্তা প্রদান
গ) মুনাফা অর্জন ঘ) কর্মসংস্থান সৃষ্টি

২৩. প্রাপ্য বিল বাট্টাকরণ এবং বিনিময় বিলে স্বীকৃতি দান ব্যাংকের কোন ধরনের কাজ?

- ক) জনহিতকর কাজ
খ) প্রধান কাজ
গ) সেবামূলক কাজ
ঘ) প্রতিনিধিত্বমূলক কাজ

২৪. 'লকার ভাড়া' সেবার মাধ্যমে বাণিজ্যিক ব্যাংক গ্রাহকদের কাছ থেকে কী আদায় করে?

- ক) সুদ খ) সার্ভিস চার্জ
গ) কমিশন ঘ) বাট্টা

২৫. কোন হিসাব সুদবিহীন?

- ক) স্থায়ী খ) চলতি
গ) মেয়াদি ঘ) সঞ্চয়ী

২৬. ইন্টারনেট ব্যাংকিং-এর সুবিধা হলো—

- i. ঘরে বসে তহবিল স্থানান্তর
ii. হিসাবের বিবরণী জানা
iii. বিদ্যুৎ বিল পরিশোধ

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।

'ইনফিনিটি ব্যাংক' জনগণের আমানত সংগ্রহ করে। কিন্তু দেশের সরকার ব্যাংকটিকে নোট ও মুদ্রা ইস্যুর দায়িত্ব দেয়। সব কাজ এক সাথে করা সম্ভব নয় বলে ব্যাংকটি আগের কাজটি ছেড়ে দেয়।

২৭. 'ইনফিনিটি ব্যাংক' পরিবর্তন হয়ে কোন ব্যাংকে রূপান্তরিত হয়েছে?

- ক) সরকারি ব্যাংক খ) কেন্দ্রীয় ব্যাংক
গ) বিশেষায়িত ব্যাংক ঘ) শিল্প ব্যাংক

২৮. বর্তমানে 'ইনফিনিটি ব্যাংক'-এর উদ্দেশ্য কী হওয়া উচিত?

- ক) জনকল্যাণ খ) মুনাফা অর্জন
গ) আমানত গ্রহণ ঘ) ঋণ প্রদান

২৯. ব্যাংক এবং গ্রাহকের সম্পর্ক কিসের ওপর গড়ে ওঠে?

- ক) বিশ্বাস খ) হলফনামা
গ) চুক্তি ঘ) মৌখিক

৩০. ব্যাংক গ্রাহকের অছি হিসেবে কোন কাজটি করে?

- ক) অর্থ জমা
খ) আদেশ অনুসারে বিল পরিশোধ
গ) ব্যাংক চার্জ নেওয়া
ঘ) সম্পত্তি ও দলিলপত্রাদি সংরক্ষণ

১	খ	২	গ	৩	ক	৪	গ	৫	গ	৬	খ	৭	গ	৮	ঘ	৯	ক	১০	গ	১১	ঘ	১২	খ	১৩	ঘ	১৪	খ	১৫	ঘ
১৬	খ	১৭	খ	১৮	খ	১৯	খ	২০	ঘ	২১	খ	২২	গ	২৩	ঘ	২৪	খ	২৫	খ	২৬	ঘ	২৭	খ	২৮	ক	২৯	ক	৩০	ঘ